‘নবম ওয়েজবোর্ডের সুপারিশ চূড়ান্ত’

সাংবাদিকদের নতুন বেতন কাঠামো নবম ওয়েজবোর্ডের সুপারিশ চূড়ান্ত করা হয়েছে। সুপারিশগুলো কেবিনেটে পাঠানো হবে বলে জানিয়েছেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।

আজ বৃহস্পতিবার সচিবালয়ে তথ্য মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে নবম ওয়েজবোর্ড বাস্তবায়নে গঠিত সুপারিশ কমিটির বৈঠক শেষে এক সংবাদ সম্মেলনে তিনি একথা বলেন। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন, তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ, কৃষিমন্ত্রী আব্দুর রাজ্জাক, শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ুন, তথ্য প্রতিমন্ত্রী মুরাদ হাসান এবং সংস্কৃতি প্রতিমন্ত্রী কে এম খালিদ।

এসময় সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেন, আমরা বিভিন্ন স্টেক হোল্ডারের সঙ্গে আলোচনা করে একটি বাস্তবসম্মত বেতন কাঠামো সুপারিশ করেছি। এ নিয়ে একটি প্রতিবেদন তৈরি হয়েছে। তবে, এটিই চূড়ান্ত প্রতিবেদন নয়। চূড়ান্ত সিদ্ধান্ত নিতে পারে মন্ত্রিসভা। কারণ, তারাই এ কমিটি গঠন করেছে।

ওবায়দুল কাদের বলেন, সুপারিশগুলো আমরা কেবিনেটে পাঠাবো। সেখানে আলোচনা হবে, তারপর প্রধানমন্ত্রীর এর অনুমোদন দেবেন। এরপর গেজেট আকারে তা প্রকাশ করা হবে। এখনই অহেতুক আলোচনা করে জল্পনা- কল্পনা সৃষ্টি করতে চাই না। বাংলাদেশ গুজবের দেশ, তাই গুজবের ডালপালা সৃষ্টি করতে চাই না। প্রধানমন্ত্রী ৫ তারিখ (৫ আগস্ট) দেশে ফিরলে মন্ত্রিসভার বৈঠকে এ বিষয়ে সিদ্ধান্ত হবে।